ইরানের ১২ বিলিয়ন ডলার ছাড়তে সম্মত যুক্তরাষ্ট্র: গালিবাফ



ইরানের স্পিকার গালিবাফ। ছবি: সংগৃহীত

ইরানের জব্দকৃত ১২ বিলিয়ন ডলার ছাড়ের বিষয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে সমঝোতা হয়েছে বলে জানিয়েছেন দেশটির পার্লামেন্ট স্পিকার বাঘের গালিবাফ।

সোমবার (২২ জুন) তিনি বলেন, চুক্তির আওতায় দুই ধাপে এই অর্থ ছাড় করা হবে। তবে চূড়ান্ত সমঝোতা কার্যকর না হওয়া পর্যন্ত ইরানের তেল খাতের ওপর আরোপিত মূল নিষেধাজ্ঞা বহাল থাকবে।

গালিবাফ জানান, নিষেধাজ্ঞা বহাল থাকায় তেল রফতানি ও আন্তর্জাতিক আর্থিক লেনদেন পরিচালনার জন্য বিশেষ ছাড় বা ওয়েভারের প্রয়োজন হবে। আলোচনার অংশ হিসেবে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে বলেও দাবি করেন তিনি।

তিনি আরও বলেন, সাম্প্রতিক আলোচনায় হরমুজ প্রণালিতে নৌ চলাচল, লেবাননের পরিস্থিতি, ইরানের তেল বিক্রিতে নিষেধাজ্ঞা শিথিলকরণ এবং জব্দকৃত অর্থ মুক্ত করার বিষয়গুলো গুরুত্ব পেয়েছে। পাশাপাশি আঞ্চলিক নিরাপত্তা ও যুদ্ধবিরতি বজায় রাখার বিভিন্ন দিক নিয়েও আলোচনা হয়েছে।

উল্লেখ্য, সুইজারল্যান্ডে অনুষ্ঠিত যুক্তরাষ্ট্র-ইরান আলোচনার প্রথম ধাপ শেষে কয়েকটি বিষয়ে অগ্রগতির ইঙ্গিত পাওয়া গেছে। এর ধারাবাহিকতায় ইরানের তেল ও পেট্রোকেমিক্যাল পণ্যের ওপর আরোপিত কিছু নিষেধাজ্ঞা ৬০ দিনের জন্য শিথিল করার ঘোষণা দিয়েছে মার্কিন ট্রেজারি বিভাগ।